# জেলা ইনোভেশন টিমের ডিসেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জয়া মারীয়া পেরেরা
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী

সভার তারিখ : ১৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সভার সময় : বেলা ১২.২৫ মিনিট

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী এবং সভাপতি, জেলা ইনোভেশন টিম কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সদস্যদের পরিচয় গ্রহণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার, আইসিটি কর্তৃক জেলার ইনোভেশন কার্যক্রম বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | জেলা ও উপজেলা পর্যায়ে অনলাইনে মাইগভ প্লাটফর্মে সেবা প্রদান | সভাপতির পক্ষ হতে সভায় উপস্থিত সদস্যদের অবহিত করা হয় যে, নাগরিক সেবা আরো সহজ করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রস্তুতকৃত মাইগভ প্লাটফর্মে বর্তমানে ১০টি সেবার আবেদন গ্রহণ করে কার্যক্রম পরিচালনা চলমান রয়েছে। | সকল সদস্যকে তাদের নিজ নিজ কর্মক্ষেত্র হতে মাইগভ প্লাটফর্মের ১০টি সেবার তথ্য ব্যাপক প্রচার করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | জেলা ইনোভেশন টিম |
| ২ | জেলা ও উপজেলার দপ্তর হতে ইনোভেশন প্রস্তাব প্রেরণ | সভাপতি সদস্যদেরকে পুনরায় বলেন, সকল দপ্তরই তাদের দৈনন্দিন কার্যক্রম আরো বেশি দ্রুততার সাথে এবং সহজ করার লক্ষ্যে প্রতিনিয়ত নতুন নতুন উদ্ভাবন করে চলেছেন। উদ্ভাবন সম্পর্কিত তথ্য এ কার্যালয়কে অবহিত করা হলে উক্ত উদ্ভাবন অন্য দপ্তরগুলো কাজে লাগিয়ে তাদের কার্যক্রমকে আরো ফলপ্রসুরূপে সম্পন্ন করতে পারেন। তিনি আরো বলেন, প্রতিমাসের উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরে গৃহীত উদ্ভাবন উদ্যোগ সম্পর্কিত তথ্য এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়ে থাকে। | উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের গৃহীত উদ্ভাবনী কার্যক্রম এ কার্যালয়কে অবহিতকরণের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | জেলা ইনোভেশন টিম, রাজশাহী |
| ৩. | বিভিন্ন দপ্তরের ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা নিম্নে প্রদত্ত হলো | | | |
| (ক) | রাজশাহী কলেজ | প্রতিনিধি জানান, রাজশাহী কলেজের সিটিজেন চার্টার, বিভিন্ন ফলাফল, লাইব্রেরীর তথ্যসহ সকল তথ্য তাদের নিজস্ব পোর্টালে আপলোড করা হয়ে থাকে। এছাড়াও এসএমএস এর মাধ্যমে তথ্য প্রদান করা হয়। তিনি আরো জানান, রাজশাহী কলেজের ক্লাসসহ প্রায় সকল কাজই অনলাইনে করা হয়ে থাকে। | রাজশাহী কলেজের ইনোভেটিভ কার্যক্রমে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। জেলার অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানকে এরূপ কার্যক্রম গ্রহণে উৎসাহিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | ১. অধ্যক্ষ, রাজশাহী কলেজ<br>২. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী |
| (খ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, রাজশাহী | প্রতিনিধি জানান, তাদের দপ্তরের সকল প্রশিক্ষণ কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচিতে ইনোভেশনের গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়ে থাকে এবং কোনো দপ্তরের ইনোভেশন থাকলে সে তথ্য জেলা প্রশাসকের কার্যালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হয়ে থাকে। | ইনোভেশনের গুরুত্ব নিয়ে আলোচনা করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। | জেলা ইনোভেশন টিম, রাজশাহী |

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| (গ) | জেলা শিক্ষা অফিস | জেলা শিক্ষা অফিসার বলেন, জেলা শিক্ষা অফিসারসহ অন্যান্য কর্মকর্তাগণ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে উক্ত প্রতিষ্ঠানে ইনোভেশন বিষয়টির গুরুত্ব সম্পর্কে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করেন এবং কোনো ইনোভেশন কার্যক্রম থাকলে তা জেলা প্রশাসকের কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানান। | জেলা শিক্ষা অফিসের গৃহীত কার্যক্রম নিয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। অন্যান্য দপ্তরকেও এরূপ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | জেলা ইনোভেশন টিম, রাজশাহী |

সভাপতি বলেন, দাপ্তরিক কাজকে আরো সহজ, সাবলীল এবং দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে সকল দপ্তরেই প্রতিনিয়ত কিছু না কিছু ইনোভেশন করা হয়ে থাকে। উক্ত তথ্যগুলো জেলা প্রশাসকের কার্যালয়কে অবহিত করা হলে তা রেপ্লিকেন্ট এর মাধ্যমে সকল দপ্তর সেই সুবিধাগুলো কাজে লাগিয়ে আরো বেশি সাবলীলভাবে দ্রুততার সাথে তাদের কার্যক্রম সম্পন্ন করতে পারে। এতে করে জনগণও সরকারি সেবাগুলো আরো সহজে দ্রুততার সাথে গ্রহণ করে উপকৃত হতে পারবে। সকল সদস্যকে এ বিষয়ে তৎপর থাকতে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.১২.২০২৩

(জয়া মারীয়া পেরেরা)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
রাজশাহী
ও
সভাপতি, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(আইসিটি শাখা)

নম্বর : ০৫.৪৩.৮১০০.০৩৪.০১.০২২.২২. ১১৫ (১২)

তারিখ : ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
৩. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য
৫. ---------------------------------------------------------------------------------
ও সদস্য, জেলা ইনোভেশন টিম, রাজশাহী
৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী
(কার্যবিবরণীটি পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

31/12/2023

(সাজিদ তানভী শোভন)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী